দৈনিক
জনকণ্ঠ

তারিখ 17 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

## প্রেসিডেন্সি ভার্সিটিতে এডমিশনং ফেয়ার

রবিবার সকালে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের গুলশান ক্যাম্পাসে এডমিশন ফেয়ার ফল সেমিস্টার ২০১৬ উদ্বোধন করা হয়। এডমিশন ফেয়ার উদ্বোধন করেন প্রেসিডেন্সি বিশ্ব বিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান বিশিষ্ট শিল্পপতি এম আমানউল্লাহ। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন বিভাগের ডিন অধ্যাপক ড. নুরুর রহমান; সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ ইদ্রিস আলী; ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান শাহরুখ ওসমান; রেজিস্ট্রার ইনচার্জ রাশিদা আক্তার; সহকারী অধ্যাপক ও ডিরেক্টর, স্টুডেন্ট এ্যাফিয়ার্স ড. বিলকিস রহমানসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও ছাত্রছাত্রীবৃন্দ। এ সেমিস্টারে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় এক কোটি টাকার শিক্ষাবৃত্তি ঘোষণা করেছে। 'সবার জন্য উচ্চশিক্ষা' এই মূলনীতিতে সামনে রেখে দেশের দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় উচ্চশিক্ষার অবদান রাখার ক্ষেত্রে এক ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছে।-বিজ্ঞপ্তি